

## বিষয়ঃ হোম অ্যাসেসমেন্ট গাইডলাইন (২য় - ৫ম শ্রেণি)

২২/৪/২০

সম্মানিত অভিভাবক,

আসসালামু আলাইকুম

আপনারা ইতোমধ্যে ওয়েবে প্রকাশিত পূর্বের চিঠি “হোম কোয়ারেন্টাইন” থেকে একটি বিষয় জেনেছেন তা হল শিক্ষার্থীদের 'হোম অ্যাসেসমেন্ট'। স্কুল কর্তৃপক্ষ ১ম সাময়িক সিলেবাসের উপর ভিত্তি করে হোম অ্যাসেসমেন্ট নেয়ার পরিকল্পনা করেছে যেন শিক্ষার্থীদের অধ্যয়নের একটি ধারাবাহিকতা বজায় থাকে। বর্তমান পরিস্থিতিতে অ্যাসেসমেন্ট শিট (প্রশ্নপত্র) [www.cosmoschools.org](http://www.cosmoschools.org) - এ ঠিকানায় প্রকাশ করা হবে।

হোম অ্যাসেসমেন্ট সংক্রান্ত নিম্নলিখিত গাইডলাইন অনুসরণের মধ্য দিয়ে আমাদের এই প্রয়াস ফলপ্রসূ হবে এমনটি আমরা বিশ্বাস করি।

### গাইডলাইন

- প্রতিবছরের ন্যায় পরীক্ষার পূর্বে যেভাবে রিভিশন হয় সেভাবেই অনলাইনে আফটারনুন সেশনের শিক্ষকরা রুটিন অনুযায়ী আপনাদের সহযোগিতা করছেন।
- **অ্যাসেসমেন্ট রুটিন** ওয়েবসাইটে প্রকাশ করা হবে এবং প্রয়োজনে আপনার সন্তানের দায়িত্বে থাকা আফটারনুন সেশন শিক্ষক আপনাদের সাথে যোগাযোগ করে তা জানিয়ে দেবেন।
- ওপেন বুক অ্যাসেসমেন্ট হবে। ওয়েবে প্রশ্নপত্র প্রকাশ করা হবে।
- **২য় থেকে চতুর্থ শ্রেণির ক্ষেত্রে** বিষয় ভিত্তিক অ্যাসেসমেন্ট ৫০ নম্বরের হবে এবং সময়- ১ ঘণ্টা ৩০ মিনিট, তবে ইংলিশ লিটারেচার, ইংলিশ ল্যাঙ্গুয়েজ, বিজিএস এবং রিলিজিয়ন ২৫ নম্বরের হবে এবং সময় থাকবে ৪৫ মিনিট। **৫ম শ্রেণির ক্ষেত্রে** সব বিষয়ের অ্যাসেসমেন্ট এর পূর্ণমান থাকবে ৫০ নম্বর, সময়- ১ ঘণ্টা ৩০ মিনিট।
- অ্যাসেসমেন্টের দিন প্রশ্নপত্র সকাল ১০টার মধ্যে ওয়েবে প্রকাশিত হবে অভিভাবক তা ডাউনলোড করে প্রিন্ট করে নিতে পারেন, প্রিন্টের সুযোগ না থাকলে ডাউনলোডকৃত প্রশ্নপত্র থেকে শিক্ষার্থী পৃথক শিটে উত্তর লিখবে। (ডাউনলোড না হলে প্রয়োজনে আফটারনুন সেশন শিক্ষকের সাথে যোগাযোগ করবেন)
- অ্যাসেসমেন্ট শেষে অভিভাবক ১০ মিনিটের মধ্যে উত্তরপত্রের ছবি তুলে প্রশ্নপত্রের শেষে উল্লিখিত নির্দিষ্ট শিক্ষকের ইমেইল এড্রেসে তা পাঠিয়ে দিবেন। যদি কারো যৌক্তিক কারণে এ সময়ের মধ্যে উত্তরপত্র ইমেইলে পাঠাতে অসুবিধা হয় সেক্ষেত্রে আফটারনুন সেশনের শিক্ষকের সাথে যোগাযোগ করে নেবেন। এক্ষেত্রে উক্তদিন সর্বোচ্চ দুপুর ১.৩০ টার মধ্যে এবং ৫ম শ্রেণির রিলিজিয়ন অ্যাসেসমেন্টের ক্ষেত্রে বিকেল ৫.৩০ টার মধ্যে ইমেইলে পাঠানো যাবে।

- অ্যাসেসমেন্ট সকাল ১১ টায় শুরু হবে এবং ১২টা ৩০ মিনিটে শেষ হবে। কিছু সাবজেক্টের অ্যাসেসমেন্ট এর ক্ষেত্রে সকাল ১১ টায় শুরু হয়ে ১১ টা ৪৫ মিনিটে শেষ হবে। নির্ধারিত সময়ের মধ্যেই অভিভাবক অ্যাসেসমেন্টনেবেন এবং প্রদত্ত সময় অনুসরণ করবেন।
- শিক্ষার্থী অ্যাসেসমেন্টের শুরুতে যথারীতি ১০ মিনিট প্রার্থনা ও মেডিটেশন করবে। অভিভাবক অবশ্যই নিজ দায়িত্বে পরীক্ষা সংক্রান্ত নিম্নের মেডিটেশনটি করিয়ে নেবেন।

### শিক্ষার্থী মেডিটেশন -পরীক্ষা

হালকা ভাবে চোখ বন্ধ করুন। মেরুদণ্ড সোজা থাকবে। লম্বা দম নিন। নাক দিয়ে ধীরে ধীরে দম নিন। মুখ দিয়ে ধীরে ধীরে দম ছাড়ুন, (৫ বার)। ভাবুন বিশ্বাস করুন আপনার হাতের লেখা খুব সুন্দর হচ্ছে, সবপ্রশ্নের উত্তর সুন্দরভাবে সময়ের মধ্যে লিখতে পারছেন। এবার কোয়ান্টা ভঙ্গি করে কয়েকবার মনে মনে অটোসাজেশন দিন- “যা পড়েছি, ভালোভাবে পড়েছি, লেখার সময় সুন্দরভাবে সব মনে পড়ে যাবে। এবার ধীরে ধীরে দম নিন, ধীরে ধীরে দম ছাড়ুন (৫ বার) আস্তে আস্তে চোখ খুলুন, হাত পা নাড়ুন। এবার মন দিয়ে নীরবে লেখা শুরু করুন।

- অ্যাসেসমেন্টের প্রশ্ন সংক্রান্ত কোথাও অসুবিধা থাকলে আপনার সন্তানের আফটারনুন সেশন শিক্ষকের সাথে অ্যাসেসমেন্ট চলাকালেই যোগাযোগ করুন।
- ওয়েবসাইটে সব ভবনের বিষয় ভিত্তিক শিক্ষকদের ইমেইল আইডি থাকবে। অনুগ্রহপূর্বক অ্যাসেসমেন্ট এর উত্তর পত্র মেইলে পাঠানোর পূর্বে উক্ত বিষয়ের শিক্ষকের ইমেইল আইডি নিশ্চিত হয়ে নিন।
- অ্যাসেসমেন্ট এর ফলাফল ওয়েবে জানিয়ে দেয়া হবে।

পরম করুণাময় সবাইকে সুস্থ দেহ, প্রশান্ত মন এবং কর্মব্যস্ত সুখী জীবন দান করুন- এই আমাদের ঐকান্তিক প্রার্থনা।

ধন্যবাদান্তে,

কসমো স্কুল কর্তৃপক্ষ